

সিজনাল ও নন-সিজনাল কর্মী হিসেবে ইতালি যেতে আগ্রহীদের প্রতি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের পক্ষ হতে জনসচেতনতামূলক তথ্য

প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা: ১৮ নভেম্বর ২০২০

ইতালি সরকার সম্প্রতি বাংলাদেশ হতে মৌসুমী (seasonal) এবং অমৌসুমী (non-seasonal) কর্মী নিয়োগের ঘোষণা দিয়েছে। গত ১২ অক্টোবর ২০২০ তারিখে ইতালি সরকার কর্তৃক ইস্যুকৃত Flussi Decree (flow decree)-তে বেশ কিছু দেশের পাশাপাশি বাংলাদেশের নাম অনুমোদিত দেশের তালিকায় অন্তর্ভুক্ত হওয়ায় বাংলাদেশের কর্মীদের জন্য ইতালিতে যাওয়া এবং সেখানে কাজ করার সুযোগ তৈরি হয়েছে।

ইতোমধ্যে বিভিন্ন সূত্রে জানা যায় যে, Flussi Decree-এর আওতায় ইতালি যেতে আগ্রহী বাংলাদেশিদের প্রলোভিত করতে বিভিন্ন দালাল চক্র সক্রিয় হয়ে উঠেছে। এ পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নোক্ত তথ্যসমূহ জানানো হচ্ছেঃ

- ইতালিস্থ নিয়োগকারী/মালিক তার জন্য নির্ধারিত SPID ইমেইল থেকে তিনি যাকে নিয়োগ দিতে চান তার নাম, পাসপোর্ট নম্বর উল্লেখ করে ইতালির স্থানীয় ডিসি অফিসে (Prefettura) অনাপত্তিপত্রের জন্য আবেদন করবেন;
- নিয়োগকারী/মালিকের আয়সহ অন্যান্য বিষয় বিবেচনা করে অনাপত্তিপত্র প্রদান করা হলে এ অনাপত্তিপত্র তিনি বাংলাদেশে ব্যক্তির নিকট প্রেরণ করবেন;
- ব্যক্তি উক্ত অনাপত্তি পত্রসহ ইতালি দূতাবাসে ভিসার জন্য আবেদন করবেন;
- ভিসা নিয়ে ইতালিতে এসে তিনি নিয়োগকারী/মালিকের সাথে সে দেশে ডিসি অফিসে (Prefettura) গিয়ে চাকুরির চুক্তিপত্র স্বাক্ষর করবেন।
- এ প্রক্রিয়ায় আবেদন দাখিলের সময় সরকার নির্ধারিত রেভিনিউ স্ট্যাম্প বাবদ ১৬.০০ (ষোল) ইউরো ফি পরিশোধ করতে হবে। যারা আবেদন দাখিলের জন্য সংশ্লিষ্ট হেল্প ডেস্কের সহায়তা নিবেন তাদেরকে হেল্প ডেস্কের সার্ভিস চার্জ বাবদ একটি ফি পরিশোধ করতে হতে পারে যা ক্ষেত্র বিশেষে ৫০-১০০ ইউরো পর্যন্ত হতে পারে। আবেদন দাখিলের ক্ষেত্রে এছাড়া অন্য কোনো খরচ নাই। ৩১ ডিসেম্বর ২০২০ এর মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ বাছাই করে প্রত্যেক যোগ্য আবেদনকারীর অনুকূলে আলাদা আলাদা অনাপত্তিপত্র (Nulla Osta) ইস্যু করা হবে। Nulla Osta পাওয়ার পর নির্ধারিত ভিসা ফি পরিশোধ করে নিজ নিজ দেশে অবস্থিত ইতালিয়ান দূতাবাসে ভিসার আবেদন জমা করতে হবে।

এমতাবস্থায়, Decreto Flussi এর আওতায় ইতালিতে কর্মী নিয়োগ সংক্রান্ত বিষয়ে দালাল বা মধ্যসত্ত্বভোগীদের ভূয়া প্রলোভনে পড়ে কোনো অবৈধ বা অনিয়মতান্ত্রিক আর্থিক লেনদেন না করার বিষয়ে বিদেশ গমনেচ্ছু কর্মীগণকে ও সংশ্লিষ্ট সকলকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের পক্ষ থেকে সতর্ক করা হলো।

মোহাম্মদ রাশেদুজ্জামান

মন্ত্রীর সহকারী একান্ত সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়